যে ব্যক্তি (গর্বভরে) বলে, লোকেরা ধ্বংস হয়ে গেল, সেই তাদের মধ্যে সর্বাধিক ধ্বংসপ্রাপ্ত।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি (গর্বভরে) বলে, লোকেরা ধ্বংস হয়ে গেল, সেই তাদের
মধ্যে সর্বাধিক ধ্বংসপ্রাপ্ত।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যখন কোনো লোক মানুষের ওপর নিজের শ্রেষ্ঠত্ব দেখে তাদেরকে ছোট করা, ঘৃণা করা ও তাদের ওপর বড়াই করার উদ্দেশ্যে বলে, মানুষেরা ধ্বংস হয়ে গেছে, এ দ্বারা সে নিজেই তাদের চেয়ে অধিক ধ্বংস হলো। এ অর্থ ‘আহলাকুহুম’ পেশ হওয়ার হালতে। আর ‘আহলাকাহুম’ যবর হওয়ার হালতে অর্থ হলো, সে নিজেই তাদের ধ্বংসের কারণ হল। কারণ, সে তাদের হতাশ করল এবং আল্লাহর রহমত থেকে নৈরাশ করল। আর তাওবার মাধ্যমে আল্লাহর দিকে ফিরে আসা থেকে তাদেরকে বিরত রাখলো এবং তারা যে হতাশার ওপর আছে তার ওপর স্থায়ী হওয়ার প্রতি তাদের ঠেলে দিলো, ফলশ্রুতিতে তারা ধ্বংস হলো।

https://sunnah.global/hadeeth/bn/show/8877